



# জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষ ১ম সেমিস্টারে  
ভর্তি পরীক্ষার কার্যক্রম উদ্বোধন



আজ (৮ আগস্ট-২০১৭, মঙ্গলবার, বেলা ১২টায়) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষ ১ম সেমিস্টারে ভর্তি পরীক্ষার কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠান উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান ভর্তি কার্যক্রমের উদ্বোধন করেন।

এসময় ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামানসহ অন্যান্য শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, গত শিক্ষাবর্ষ (২০১৬-১৭) হতে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব প্রযুক্তিতে ভর্তি কার্যক্রম পরিচালিত হচ্ছে।